

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত 'বাংলাদেশের জাতীয় হিসাব পরিসংখ্যান: উপাত্তের উৎস এবং প্রাক্কলন পদ্ধতি' শীর্ষক প্রকাশনার চূড়ান্ত পাণ্ডুলিপি অনুমোদনের লক্ষ্যে অনুষ্ঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
সময় ও তারিখ	: ১৭ মে ২০২২ খ্রি., মঙ্গলবার, ১১:৩০টা
স্থান	: সন্মেলনকক্ষ, রক-বি
উপস্থিতি	: পরিস্ফুট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে আগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে উপসচিব মোসাঃ কামরুন্নাহার সভা আহ্বানের কারণ ও সভার বিয়য়বস্তু সভাকে অবহিত করেন। তিনি খসড়া রিপোর্ট ও সংশ্লিষ্ট বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য জনাব তোফায়েল আহমদ, প্রকল্প পরিচালক, বিবিএসকে অনুরোধ জানান।

২। জনাব তোফায়েল আহমদ বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ভিত্তিবছর ২০০৫-০৬ থেকে ২০১৫-১৬ এ পরিবর্তন করেছে এবং এ পরিপ্রেক্ষিতে একটি প্রকাশনার পাণ্ডুলিপি প্রস্তুত করা হয়েছে। একটি দেশের মানসম্পন্ন জিডিপি প্রাক্কলন অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থা মূল্যায়নের অন্যতম প্রধান সূচক। যেহেতু আপেক্ষিক মূল্য এবং বাংলাদেশের অর্থনীতির কাঠামো বিগত এক দশকে উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হয়েছে, সেহেতু দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির প্রতিফলন অধিকতর বাস্তবসম্মতভাবে উপস্থাপন করার লক্ষ্যে পুরোনো জিডিপির হিসাবকে সাম্প্রতিক ভিত্তিবছরে পরিবর্তন করা প্রয়োজন। সেলক্ষ্যে অর্থনীতির সামগ্রিক পরিমাপ যথাযথভাবে প্রদান করার লক্ষ্যে জিডিপির আওতা বৃদ্ধি এবং উন্নত পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সংশোধন এবং ভিত্তিবছর ২০১৫-১৬ এ পরিবর্তন করা হয়েছে। এতে জিডিপি সিরিজ, বাংলাদেশের অর্থনীতির আকার কাঠামোকে আরও সঠিকভাবে প্রতিফলিত হবে।

৩। সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত 'বাংলাদেশের জাতীয় হিসাব পরিসংখ্যান: উপাত্তের উৎস এবং প্রাক্কলন পদ্ধতি' শীর্ষক প্রকাশনার পাণ্ডুলিপি যাচিত অংশের উপর কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে মতামত প্রদান করেন। এছাড়া কতিপয় কিছু ক্ষেত্রে বানান ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতি, টেবিল/চার্ট ক্যাপশনবিহীন ও নম্বর গরমিলসহ কিছু অসঙ্গতি সভায় তুলে ধরা হয়।

৪। সভাপতি বলেন, রিপোর্টটিতে কমিটির সদস্যগণ কর্তৃক আনীত বাক্যবিন্যাসের অসঙ্গতি এবং যে ভুল-ত্রুটি চিহ্নিত করা হয়েছে সেগুলো সংশোধন করে এ বিভাগে পুনঃ প্রেরণ করতে হবে।

৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) রিপোর্টটিতে যেসকল বাক্যবিন্যাসে অসঙ্গতি, বানানে ভুল-ত্রুটি পাওয়া গিয়েছে সেগুলো নির্দেশিত মতে সংশোধন করতে হবে।
(খ) সংশোধিত রিপোর্ট সংশোধনান্তে পুনঃ দাখিল করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-

১৭/০৫/২০২২ তারিখ

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)
ও
সভাপতি
প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি